# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর নভেম্বর-২০২০খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ্।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ।
তারিখ ঃ ১২/১১/২০২০ খ্রি.
সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা।

## উপস্থিত সদস্যবর্গ ঃ পরিশিষ্ট "ক"

উপজেলা পরিষদের মাসিক সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার সালমা খাতুন কে অনুরোধ জানান এবং তিনি বিগত সভার কর্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা ঃ**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের উপজেলা রাজস্ব / উন্নয়ন তহবিল এর অর্থায়নের আওতায় গৃহীত প্রকল্পগুলির উন্নয়ন কাজ প্রাক্কলন মোতাবেক সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় অত্যন্ত সন্তোষ জনকভাবে কাজ চলমান আছে। ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নের আওতায় প্রকল্প গ্রহণপূর্বক উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তাবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের অবকাঠামো মূলক উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্থাবণা পাওয়া গিয়েছে। উপ-প্রকল্প ও প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>উপ-প্রকল্প- ০১. ধামশুর দাখিল মাদ্রাসা এবং লোহাবই বালিকা উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মাণ। প্রক্কলিত মূল্য- ২০,০০,০০০/- (ভ্যাট ট্যাক্স ব্যতিত)<br>উপ-প্রকল্প- ০২. ধলিয়া গুলেনুর দাখিল মাদ্রাসা এবং কাচিনা উচ্চ বিদ্যালয় Grils Facilities Room সংস্কার ও নির্মাণ। প্রক্কলিত মূল্য- ১০,০০,০০০/- (ভ্যাট ট্যাক্স ব্যতিত)<br>উপ-প্রকল্প- ০৩. করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের প্রাথমিক চিকিৎসার জন্য ভালুকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ সকল ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার ও নেবুলাইজার মেশিন সরবরাহ। প্রক্কলিত মূল্য- ১০,০০,০০০/- (ভ্যাট ট্যাক্স ব্যতিত)<br>গ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে,<br>১। সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাস ভবনের পাশে আনসার সদস্যদের আবাসিক ভবন নির্মাণ। প্রক্কলিত মূল্য-২০,৫৫,৭৮০/- | ক) বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নের ভালুকা উপজেলার গ্রামীন সড়ক উন্নয়নের জন্য দ্রুত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উত্থাপিত উপ-প্রকল্পসমূহ ও প্রাক্কলন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। দ্রুত প্রাক্কলন ও ডিজাইন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় কাগজ পত্রাদি অনুমোদনের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদন পরবর্তী দরপত্র আহ্বান পূর্বক ঠিকাদার নির্বাচন ও প্রকল্পের নিয়ম অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্পটি কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। উপজেলা প্রকৌশলী, এল.জি.ই.ডি, |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, নভেম্বর-২০২০ খ্রি. মাসে<br>১। রাজস্ব খাতের আওতায় বোর ধান প্রদর্শনী ৩০টি, গম প্রদর্শনী ১০টি, ভূট্টা প্রদর্শনী ১০, পেয়াজ প্রদর্শনী ১০টি, সরিষা প্রদর্শনী ২০টি, সরিষা বাজ সহায়তা ১০০টি, বোর বীজ সহায়তা ১৬০টি, ভূট্টা বীজ সহায়তা ৬০টি, গম বীজ সহায়তা ৩০টি প্রকল্প বাস্তাবায়িত হয়েছে।<br>২। কৃষক পর্যায়ে উন্নমানের ডাল, তেল, মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পে মাসকলাই ও সরিষা প্রদর্শনী।<br>৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম, পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বোর ধান প্রদর্শনী।<br>৪। কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় বোর ধান ৫৬৫টি, গম ২০টি, ভূট্টা ২০টি, সরিষা ৬০টি, চিনা বাদাম ১০টি, পিয়াজ ১০টি, বোর হাইব্রিড বীজ বিতরণ ৩৮৯০টি বাস্তবায়িত করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, নভেম্বর/২০২০ খ্রি. মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।<br>১। গবাদি প্রাণির টিকা প্রদান = ২৯১৮টি<br>২। হাঁস মুরগীর প্রদান = ৯৮৫০০ টি<br>৩। গবাদি প্রাণির চিকিৎসা প্রদান = ১৯৪৩টি<br>৪। হাঁস মুরগীর চিকিৎসা প্রদান = ২১৫১০ টি<br>৫। গাভীর প্রজনন = ৩৮৫টি<br>৬। গাভীর বাচ্চা জন্ম = ২৭৩ টি<br>৭। কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয় = ১১৯৪০ টাকা<br>৮। হাঁস মুরগীর টিকা বিক্রয় বাবদ রাজস্ব আয় = ২২৫৩০ টাকা<br>৯। খামার ফিডমিল রেজিঃ ফি বাবদ রাজস্ব আয় = ১১০০০ টাকা। মোট রাজস্ব আয় = ৪৫৪৭০/- টাকা মাত্র।<br>১০। দুধ উৎপাদন = .০১৫৩২ লক্ষ মেঃটন<br>১১। মাংস উৎপাদন = .০২৫৯০ লক্ষ মেঃটন<br>১২। ডিম উৎপাদন = .৬৪২১২ কোটি এবং ৫০জন কৃষককে গবাদি পশুর কৃত্রিম প্রজনন, গবাদি পশু, হাঁস মুরগী, পোষা প্রাণী পালন বিষয়ে সাধারণ প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২০ মাসে মুজিববর্ষ উপলক্ষে বিশেষ মৎস্য সেবা প্রদান করা হয়েছে, চার (৪) জন মৎস্য খামারীকে করোনায় ক্ষতিগ্রস্থেও জন্য প্রত্যয়ন প্রত্র প্রদান করা হয়েছে, মৎস্য সংরক্ষণ আইনে এক (১) টি অভিযান পরিচালনা করা হয়েছে এবং ২০জন চাষীর খামার পরিদর্শন সহ কারিগরী পরামর্শ প্রদান করা হয়েছে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য মৎস্য সম্পদ আইন মোতাবেক মৎস্য খাদ্যের মান, মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা, মৎস্য চাষিদের খামার পরিদর্শন সহ মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নভেম্বর/২০২০ মাসে নিম্নোক্ত কাজগুলি চলমান রয়েছে / সম্পাদিত হয়েছে।<br>১। ২০২১ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ, গুদামজাতকরণ ও বিতরণ কার্যক্রম চলমান।<br>২। ICT শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE), ত্রিশাল, ময়মনসিংহে আগামী ১৩/১২/২০২০খ্রি. তারিখে শেষ হবে।<br>৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ পরিস্থিতে ২০২০ শিক্ষাবর্ষের পুণঃর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট গ্রহন ও মূল্যায়নের বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং শিক্ষক কর্তৃক মূল্যায়ন কার্যক্রম চলমান।<br>৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রকল্পভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি অন লাইনে প্রেরণ।<br>৫। অন লাইনের মাধ্যমে এমপিও, শিক্ষকদের উচ্চতর গ্রেড প্রদান।<br>৬। মহান বিজয় দিবস-২০২০ উদযাপন উপলক্ষে উর্দ্ধতন কর্তৃপক্ষের পত্রের নির্দেশনা মোতাবেক বিভিন্ন কার্যক্রমের সাথে সমন্বয় সাধন।<br>৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে মুজিববর্ষ-২০২০ উপলক্ষে রচনা, কুইজ ও উপস্থিত বক্তৃতা কার্যক্রমে প্রস্তুতি গ্রহণ।<br>৮। উপজেলা নির্বাহী অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সমন্বয়ে বিগত সালের পুরাতন/বিনষ্ট পাঠ্যপুস্তক নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে বিক্রয় কার্যক্রম চলমান।<br>৯। উপজেলা পরিষদ, জেলা শিক্ষা অফিস, উপ-পরিচালকসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের চলমান কার্যাদি সম্পাদন করা হয়েছে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস উপজেলা পরিষদের পুরাতন ভবন ২য় তলা স্থানান্তর, সংস্কার ও মেরামত কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ০৮ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে গত নভেম্বর/২০২০ খ্রি. মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে। সক্ষম দম্পত্তি = ৯০৮৬৯ টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা = ৭০২৭৫ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার = ৭৭.৩৪%, স্থায়ী পদ্ধতি = ৩২জন, আইইউডি = ৩২জন, ইমপ্ল্যান্ট = ৪৬জন, ইনজেকটেবল = ৯০৫২ জন, খাবার বড়ি = ৪৪৪৬৬, কনডম = ৫৪৮১ জন, মোট গর্ভবতীর সংখ্যা = ২৭২৮ জন, গর্ভকালীন সেবার তথ্য = ১৩২৫ জন, প্রসব সেবার তথ্য = ৩২২ জন, নরমাল ডেলিভারি সেবা = ০৮ জন, মোট জীবিত জন্ম = ৩০২ জন, প্রসবোত্তর সেবার তথ্য ৬৫৩ জন, কিশোর কিশোরীর সেবা ৩৭০৬ জন, পাঁচ বছর পর্যন্ত শিশুর সেবা = ৬৬৬২ জন, পুষ্টি সেবা = ২৭০১ জন, সাধারণ রোগীর সেবা = ৬৫১২ জন, সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা = ৬১ জন, কৈশোর বান্ধব প্রদত্ত সেবা = ১২৪ জন, কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা = ১৪১৬ জন, সিএসবিএদের প্রদত্ত সেবা = ১০১৩ জন।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় আরোও জানান যে,<br>১। মেইন রোড হতে মেদুয়ারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পর্যন্ত ১৩০ ফুট রাস্তা সলিং করণ।<br>২। মেইন রোড হতে বিরুনীয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পর্যন্ত ১০০ ফুট রাস্তা সলিং করণ।<br>৩। মেইন রোড হতে ভালুকা সরকারী খাদ্য গুদাম সংলগ্ন স্বাস্থ্য ও পরিবার সদও ক্লিনিক পর্যন্ত ৫৫ ফুট রাস্তা সলিং করণ একান্ত প্রয়োজন।<br>এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রস্তাবিত রাস্তাগুলির সকল তথ্য উপজেলা প্রকৌশলী পরিদর্শন পূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ০৯ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, নিম্নোক্ত প্রকল্পগুলি চলমান রয়েছে।<br>০১। গ্রামীণ অবকাঠামো রক্ষণা বেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ২৪,২৯,৪৪৪.৪০ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত অর্থ ইউনিয়ন ওয়ারী বন্টন করে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানদের পত্র দেওয়া হয়েছে।<br>০২। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ৪৪,৭৪,৩৫৯.৮৩ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকা ইউনিয়ন ওয়ারী বন্টন করে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানদের পত্র দেওয়া হয়েছে।<br>০৩। গ্রামীণ অবকাঠামো রক্ষণা বেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে ৪৯,৫৭,৬৬৬.৬৬ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা দাখিল করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয় কে অনুরোধ জানানো হয়েছে।<br>০৪। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ১৬০.৫৫৫ মে: টন চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত খাদ্য শস্যের প্রকল্প তালিকা দাখিল করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয় কে অনুরোধ জানানো হয়েছে।<br>০৫। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২৭৪১ টি উপকার ভোগীর সংখ্যা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত উপকার ভোগী সংখ্যা ইউনিয়ন ওয়ারী বন্টন কও প্রকল্প তালিকা এবং উপকার ভোগীর তালিকা উপজেলা কমিটির অনুমোদন নিয়ে কাজ শুরু করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্ত কে টি.আর / কাবিটার বিষয়ে পরামর্শ প্রদান করা হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভালুকা |
| ১০ | **উপজেলা খাদ্য বিভাগ ঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক দাখিলকৃত কার্যপত্র মতে খাদ্য শষ্য (চাল) ক্রয়, অন্য গুদাম হতে চাল সংগ্রহ, বিভিন্ন খাতে চাল / গম বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে | বিস্তারিত আলোচনান্তে চলমান টেইলারিং ও বিউটিফিকেশন ট্রেডের | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | ১) দুঃস্থ মহিলা উন্নয়ন উন্নয়ন (ভিজিডি),দরিদ্র মা,র জন্য মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির উপকারভোগীদের যাচাই-বাছাই সংক্রান্ত: ২০২১-২০২২ চক্রের ভিজিডি উপকারভোগীদের অনলাইনে ইউনিয়ন পর্যায়ে ইতোমধ্যে আবেদন গ্রহণ করা হয়েছে এবং ইউনিয়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হয়েছে। এছাড়া ২০২০-২০২১ অর্থ বছরে পৌরসভার জন্য বরাদ্দকৃত ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় উপকারভোগী ও মাতৃত্বকাল ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়াধীন রয়েছে।<br>২) প্রতিমাসের ন্যায় নভেম্বর/২০২০ খ্রি.মাসে ভিজিডি উপকারভোগী মহিলাদের মাঝে ১১টি ইউনিয়নে ২৬০৯জনের ৭৮.২৭ (আটাত্তর দশমিক সাতাইশ) মেট্রিক টন খাদ্যশস্য বিতরন সম্পন্ন হয়েছে।<br>৩) উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (IGA) প্রশিক্ষণ কেন্দ্রে দুইটি ট্রেডে (টেইলারিং ও বিউটিফিকেশন) স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৪) বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে উপজেলা পর্যায়ে ৫জন জয়িতা নির্বাচন করা হয়েছে। আগামী ৯ডিসেম্বর তাদের সংবর্ধনা প্রদান করা হবে। | প্রশিক্ষণ স্বাস্থ্যবিধি মেনে সার্বক্ষণিক মনিটর করাসহ প্রশিক্ষণ গ্রহণকারী প্রত্যেকেই যেন স্বাবলম্বী হতে পারে তার জন্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে, বাল্য বিবাহের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | ভালুকা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, মাদকের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা তাছাড়া বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয় এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা। |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকতার সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ভাতা (বয়স্ক ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধাব ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা) এর জিটুপি পদ্ধতিতে ভাতা বিতরণের লক্ষে mis ডাটা এন্টি কার্যক্রম চলমান আছে। আগামী ১০ ডিসেম্বর ২০২০ খ্রি. এর মধ্যে mis ডাটা এন্টি কার্যক্রম শতভাগ সম্পন্ন করার লক্ষ্যে কাজ চলছে। তিনি আরোও জানান যে সমাজসেবা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং ৪১.০১.০০০০.০০৭.০০৫.২০.১৪০, তারিখ- ২৭/১০/২০২০ খ্রি. মুলে শেখ ফজিলাতুন্নেসা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র নামে ছয় (৬) তলা বিশিষ্ট একটি ভবন নির্মাণের প্রকল্প সমাজসেবা অধিদপ্তর গ্রহণ করেছে। সেই মতে উপজেলা কর্মকর্তাকে দশ (১০) শতাংশ জমি বন্দোবস্ত করা সহ প্রয়োজনীয় তথ্য সমেত জমির ডিজিটাল সার্ভে নকশা প্রনয়ণ পূর্বক জরুরী ভিত্তিতে সমাজসেবা অধিদপ্তওে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে।<br>উপজেলা সমাজসেবা কর্মকতার সভায় আরোও জানান যে, উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আওতায় নভেম্বর/২০২০ খ্রি. মাসে নতুন রোগীর সংখ্যা ৪৭জন, প্রতিদিন আগত রোগীর সংখ্যা ৩৫/৪০জন, চক্রাকারে রোগীর সংখ্যা ১৫১২জন এবং প্রতিবন্ধী ও অর্টিজম শিশুদের মাঝে বিনামূল্যে ফিজিওথেরাপী, স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপী এবং অকুপেশনাল থেরাপী নিয়মিত প্রদান করা হয় এছাড়াও অর্টিজম শিশুদের জন্য টয়লাইব্রেরী চালু করা হয়েছে। এ দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক ডাটা এন্টি ও ভাতা ভোগীদের ভাতাকার্ড বিতরণ এবং প্রতিবন্ধী ও অর্টিজম ব্যক্তি/শিশুদের সরকারী সকল সুযোগ সুবিধা দ্রুত সময়ের মধ্যে প্রদান করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় এবং শেখ ফজিলাতুন্নেসা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জমি দ্রুত ব্যবস্থা করণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, এ উপজেলায় অডিটযোগ্য সমবায় সমিতি ২৭০ টি। নভেম্বর-২০২০ খ্রি. মাস পর্যন্ত অডিট সম্পাদন করা হয়েছে ৬০টি, অডিট সম্পাদিত সমিতি হতে রাজস্ব আদায়= ১৫,৫০০/-, জুলাই-২০ হতে নভেম্বর-২০ পর্যন্ত নতুন সমিতি নিবন্ধনের সংখ্যা ১৫টি, ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান ৫০জন সদস্যকে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কর্যক্রম সার্বক্ষণিক মনিটর এবং কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা সমবায় অফিসার, ভালুকা |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভায় জানান যে,<br>১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে | বিস্তারিত আলোচনান্তে নিয়মিত নিবিড়ভাবে মনিটরিং এর মাধ্যমে চলমান প্রকল্পগুলির কাজের গুনগত | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৫টি (প্রতি ইউনিয়নে ২৬টি করে) সাব-মারসিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>২। অগ্রাধিকার মূলক গ্রামীন পানি সরবরাহ প্রকল্প ঃ অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দ পাওয়া ২৮৫টি হস্তচালিত অগভীর তাঁরা নলকূপের মধ্যে ২৩৫টির কাজ সমাপ্ত এবং অবশিষ্ট কাজ চলমান। ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ পাওয়া ২৮৫টির কাজ শেষ। প্লাটফর্ম নির্মানের কাজ চলমান।<br>৩। GPS/NNGPS ঃ GPS/NNGPS প্রকল্পের ১৫টি ওয়াশ ব্লকের মধ্যে ৫টির কাজ সমাপ্ত এবং ৫টির কাজ চলমান। অবশিষ্ট ৫টি ওয়াশ ব্লকের স্থানেসয়েল টেস্ট করা হয়েছে।<br>৪। জাতীয় স্যানিটেশন প্রকল্প ঃ জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় ২টি কমিউনিটি ল্যাট্রিনের ৯০% কাজ সম্পন্ন হয়েছে।<br>৫। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প ঃ পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি অগভীর তাঁরা ও ৫টি সাব-মারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করা এবং নতুন বরাদ্দকৃত নলকূপের প্রস্তাবনা প্রত্যেক ইউনিয়নে প্রেরণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | |
| ১৬ | <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২০ খ্রি. মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ০৬ জন প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবকের মধ্যে ৬,৪০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭৫জন বেকার যুবককে গরু মোটাতাজা করণের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নভেম্বর-২০২০ মাসে ঋণ বিতরণ = ৩,৩৯,৬২,৭৫০/- ঋণ আদায় = ২,৩২,১৮৫/-, খেলাপী ঋণ আদায় = ৫৭৮৩৫/-, মোট ঋণ আদায়ের হার = ৮৮% এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা |
| ১৭ | <u>উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, নভেম্বর/২০২০ খ্রি. মাসে আমন ধান কর্তন, ধানের বিক্রয় মূল্য ও উৎপাদন খরচ, কৃষি নমুনা শুমারী, কচুশাক, কমলি শাক, পাট শাক, মুখি ও কচু সহ অন্যান্য ফসলাদী জরীপ কাজ চলমান রয়েছে এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য তাঁকে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা। |
| ১৮ | <u>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ ঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি) এর কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ১৯ | <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন ঃ</u><br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে,<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ২৮.১০ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ৯.৮০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ২৮.৫০ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ২.৫০ লক্ষ, মোট ৬৮.৯০ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় : ক্ষুদ্র ঋণ ৩০.৫৮ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১৭.৩২ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৩৭.৩৬ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৩.৮৭ লক্ষ, মোট ৮৯.১৩ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৮৫%, নারী উদ্যোক্তা ঋণ ৯৭%, উদ্যোক্তা ঋণ ৯৫%, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ৯৭%, গড় ৭৯% এবং সকল ধরনের সঞ্চয় আদায় = ২৪.৫৬ লক্ষ, সঞ্চয় ফেরত = ২০.১৩ লক্ষ টাকা মাত্র এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং করোনা কালীন সময়ে সরকার নির্ধারিত বিধি মোতাবেক কাজ করার নির্দেশ প্রদান করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২০ | <u>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প) ঃ</u><br>উপজেলা প্রকল্প কর্মকর্তার (পজীপ) কার্যপত্র পাওয়া যায়নি। | | |
| ২১ | <u>আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সমিতির সংখ্যা = ৩৫৫টি, মোট সদস্য সংখ্যা= ১৬০৪২ জন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমন্বয়কারীকে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা. ভালুকা |

| বিবরণ | ২০২০-২০ লক্ষ মাত্রা | নভেম্বর-২০ পর্যন্ত লক্ষ মাত্রা | নভেম্বর-২০ পর্যন্ত অর্জন | নভেম্বর-২০ পর্যন্ত অর্জনের হার |
|---|---|---|---|---|
| সঞ্চয় আদায় | ১০৭.৮০ | ৪৪.৯১ | ৪৩.৭৯ | ৯৭% |
| ঋণ | ১২৫৩.৪৫ | ৫২২.২৭ | ৫৪০.২০ | ১০৩% |

| | | | | |
|---|---|---|---|---|
| বিতরণ | | | | |
| ঋণ আদায় | ১১২৮.১০ | ৪৭০.০০ | ৩৯১.৯৭ | ৮৩% |

| | | | |
|---|---|---|---|
| ২২ | ইসলামিক ফাউন্ডেশন ঃ<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গনশিক্ষা কার্যক্রমের ১৭৪ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭৪টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৯৯টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে এবং এই সকল প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা |
| ২৩ | মহিলা ভাইস চেয়ারম্যন, উপজেলা পরিষদ, ভালুকা সভায় জানান যে, উপজেলা কমিটির মিটিংগুলি নিয়মিত হচ্ছে। এ মাসের উপজেলা কমিটির মিটিং থেকে ইউজিডিপি প্রকল্প ২০১৯-২০২০ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আওতায় নিম্নোক্ত উপ-প্রকল্প ও বরাদ্দ এ সভায় সংশোধিত প্রকল্প অনুমোদন প্রয়োজন।<br>উপপ্রকল্প-০৫ : নারী উদ্যোক্তা তৈরী করার লক্ষ্যে খাদ্য প্রক্রিয়া করণ ও তৈরীকরণ বিষয়ক প্রশিক্ষণ। সংশোধিত প্রকল্প : বাল্য বিবাহ ও ইভ টিজিং প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, যৌন হয়রানি ও যৌতুক বন্ধ, এসিড নিক্ষেপ, মাদক, কিশোর সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূল বিষয়ক জনসচেতনতা মূলক ক্যাম্পেইন। বরাদ্দ : ১,২৫,৫৪৫/- | বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত সংশোধিত প্রকল্পটির প্রস্তাবণা অনুমোদনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় কাগজ পত্রাদি সহ প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যন, উপজেলা ডেভেলমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) |
| ২৪ | ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সকল সরকারি দপ্তর তাদের কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করছেন এ জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ এবং সকল দপ্তর প্রধানকে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে মাসিক সভার কার্যপত্র (সফ্ট কপি ও হার্ড কপি) উপজেলা চেয়ারম্যান কার্যালয় অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরোও জানান যে, নিম্নোক্ত কাজে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রয়োজন।<br>১। মুজিব বর্ষ উপলক্ষে ৮ ডিসেম্বর ভালুকা মুক্ত দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস/২০২০ উপলক্ষে বীরমুক্তিযোদ্ধাদের মাঝে শাল ও কম্বল বিতরণ = ৪,০০,০০০/-<br>২। ৮ ডিসেম্বর ভালুকা মুক্ত দিবস ২০২০ এবং মহান বিজয় দিবস/২০২০ উদযাপনের ডেকোরেটর, সাউন্ড সিস্টেম, আলোকসজ্জা বাবদ = ১,০০,০০০/-<br>৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে মিটিংএর আপ্যায়নের জন্য কুকারিজ সামগ্রী ও ডিনার সেট ক্রয়। প্রাক্কলিত মূল্য- ১,০০,০০০/- | বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দিয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br><br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা।<br><br>উপজেলা প্রকৌশলী, এল.জি.ই.ডি, |

বিবিধ আলোচনা না থাকায় উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জ্ঞাপন করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং : উনিঅ/ভালুকা/উ:জে:মা:সভা/২০২০- ৬৮২
তারিখ ঃ ১২/১১/২০২০ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৩। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৪। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৭। উপজেলা .........................অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।
৮। চেয়ারম্যান ......................... ইউনিয়ন পরিষদ (সকল), ভালুকা, ময়মনসিংহ ।
৯। জনাব/বেগম .........................

১২/১১/২০২০
(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

| | | | | |
|---|---|---|---|---|
| বিতরণ | | | | |
| ঋণ আদায় | ১১২৮.১০ | ৪৭০.০০ | ৩৯১.৯৭ | ৮৩% |

| | | | |
|---|---|---|---|
| ২২ | ইসলামিক ফাউন্ডেশন ঃ<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গনশিক্ষা কার্যক্রমের ১৭৪ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭৪টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৯৯টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে এবং এই সকল প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা |
| ২৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা সভায় জানান যে, উপজেলা কমিটির মিটিংগুলি নিয়মিত হচ্ছে। এ মাসের উপজেলা কমিটির মিটিং থেকে ইউজিডিপি প্রকল্প ২০১৯-২০২০ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আওতায় নিম্নোক্ত উপ-প্রকল্প ও বরাদ্দ এ সভায় সংশোধিত প্রকল্প অনুমোদন প্রয়োজন।<br>উপপ্রকল্প-০৫ : নারী উদ্যোক্তা তৈরী করার লক্ষ্যে খাদ্য প্রক্রিয়া করণ ও তৈরীকরণ বিষয়ক প্রশিক্ষণ। সংশোধিত প্রকল্প : বাল্য বিবাহ ও ইভ টিজিং প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, যৌন হয়রানি ও যৌতুক বন্ধ, এসিড নিক্ষেপ, মাদক, কিশোর সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূল বিষয়ক জনসচেতনতা মূলক ক্যাম্পেইন। বরাদ্দ : ১,২৫,৫৪৫/- | বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত সংশোধিত প্রকল্পটির প্রস্তাবণা অনুমোদনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় কাগজ পত্রাদি সহ প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা ডেভেলমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) |
| ২৪ | ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার সকল সরকারি দপ্তর তাদের কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করছেন এ জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ এবং সকল দপ্তর প্রধানকে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে মাসিক সভার কার্যপত্র (সফ্ট কপি ও হার্ড কপি) উপজেলা চেয়ারম্যান কার্যালয় অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরোও জানান যে, নিম্নোক্ত কাজে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রয়োজন।<br>১। মহান বিজয় দিবস/২০২০ উপলক্ষে বীরমুক্তিযোদ্ধাদের মাঝে শাল বিতরণ = ৩,১৯,০০০/-<br>২। ৮ ডিসেম্বর ভালুকা মুক্ত দিবস ২০২০ এবং মহান বিজয় দিবস/২০২০ উদযাপনের ডেকোরেটর, সাউন্ড সিস্টেম, আলোকসজ্জা বাবদ = ১,০০,০০০/-<br>৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে মিটিংএর আপ্যায়নের জন্য কুকারিজ সামগ্রী ও ডিনার সেট ক্রয়। প্রাক্কলিত মূল্য- ১,০০,০০০/- | বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। |

বিবিধ আলোচনা না থাকায় উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জ্ঞাপন করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/১১/২০২০
(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
ভালুকা, ময়মনসিংহ।
তারিখ ঃ ১২/১১/২০২০ খ্রি.

স্মারক নং : উনিঅ/ভালুকা/উ:জে:মা:সভা/২০২০- ৬৮২
অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৩। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৪। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৭। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।
৮। চেয়ারম্যান . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ (সকল),ভালুকা,ময়মনসিংহ ।
৯। জনাব/বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

১২/১১/২০২০
(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।